স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

সহায়ক পাঠক্রম

বাংলা (Bengali)

দ্বিতীয় পত্র

Chhando, Alonkar O Kabya-Kabita : SBG-II

সময় ঃ তিন ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) উদাহরণসহ পর্ব, উপপর্ব, পদ, যতি, চরণ ও দল সম্পর্কে আলোচনা করুন।

(খ) বৈষ্ণব পদাবলীর ধারায় চণ্ডীদাস ও বিদ্যাপতির গুরুত্ব আলোচনা করুন।

(গ) 'সোনার তরী প্রকৃতি বিষয়ক কবিতা' — উক্তির পক্ষে ও বিপক্ষে আপনার যুক্তি সাজান।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) 'মেঘনাধবধ' কাব্যের ষষ্ঠ সর্গের কাহিনিবিন্যাসে মধুসূদন দত্ত কতখানি মৌলিক ?

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ছন্দোলিপি তৈরি করুন :

'এ গোঁফ যদি আমার বলিস করবো তোদের জবাই,

এই না বলে জরিমানা কল্লেন তিনি সবায়।'

(খ) সাদৃশ্যমূলক অর্থালংকার কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) অলংকার নির্ণয় করুন :

'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।'

(ঘ) 'সবংশ তোমারে রাম ডুবাবে সাগরে।' — কে, কাকে, কখন, কেন একথা বলেছে ? ১ + ১ + ২ + ৮

(ঙ) চতুর্দশপদী কবিতার বৈশিষ্ট্য আলোচনা করুন।

(চ) ব্যাখ্যা করুন :

'সে-দিন সুদূর নয় ....

যে-দিন ধরণী পুরুষের সাথে গাহিবে নারীরও জয় !'

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) কলাবৃত্ত রীতির ছন্দকে কেন 'ধ্বনিপ্রধান' ছন্দ বলা হয় ?

(খ) টীকা লিখুন : বিরোধাভাস অলংকার।

(গ) 'এ সখি হামারি দুখের নাহি ওর।' — পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? পদটিতে কে, কাকে, কেন একথা বলেছেন ? **১ + ১ + ১ + ১ + ২**

(ঘ) টীকা লিখুন : নীতিকবিতা।

(ঙ) আধুনিক বাংলা কবিদের রবীন্দ্র-বিরোধিতার কারণটি কী ছিল ?

(চ) প্রবহমান পয়ার আর মুক্তক — এই দুয়ের তুলনা করুন।

(ছ) অর্থ লিখুন : ঐছন, পাসরিতে, ভেল, ওর, পাহুন, অথির।

(জ) 'চলচপলার চকিত চমকে করিছ চরণ বিচরণ।' — কোন্ অলংকার যুক্তিসহ বুঝিয়ে দিন।